



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬০৩১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪২৫৭

তারিখ: ১৮-০৪-২০২৩

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৬-০৪-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২১১৪৯))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটির বেআইনি কার্যকলাপ সংক্রান্ত সাবেক জেলা শিক্ষা অফিসার এর দাখিলকৃত মিথ্যা ও বানোয়াট প্রতিবেদনের বিরুদ্ধে অভিযোগ এবং পুনরায় তদন্তের জন্য জনাব মোঃ আব্দুর রহমান গং একটি আবেদন দাখিল করেছেন। এমতাবস্থায়, সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য নিম্নলিখিত ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হলো। উক্ত কমিটিকে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তদন্ত প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৮-০৪-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

- ১) জনাব রাশেদ মহম্মদ আব্দুল্লাহেল জাকারিয়া, সহযোগী অধ্যাপক, ইংরেজী বিভাগ, সরকারি মাইকেল মধুসূদন মহাবিদ্যালয়----আহবায়ক
- ২) জনাব মোঃ জিয়াউর রহমান, সহকারি অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, সরকারি মাইকেল মধুসূদন মহাবিদ্যালয়-----সদস্য

সংযুক্তি: অভিযোগের ছায়ািলিপি

নথি নং-বিঅ-৬/৬০৩১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪২৫৭ (৭)

তারিখ: ১৮-০৪-২০২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
- ৫। প্রধান শিক্ষক, রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়, রুদ্রপুর, যশোর সদর, যশোর।
- ৬। অভিযোগকারী, জনাব মোঃ আব্দুর রহমান গং, চাঁচড়া, যশোর সদর, যশোর।
- ৭। অফিস নথি।

১৮-০৪-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তারিখ: ১৩-০৪-২০২৩ খ্রী:

সমীপে,
মাননীয় চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয়ঃ যশোর জেলার রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটির বেআইনী কার্যকলাপ সংক্রান্ত সাবেক জেলা শিক্ষা অফিসারের দাখিলকৃত মিথ্যা ও বানোয়াট প্রতিবেদনের বিরুদ্ধে অভিযোগ ও পুনরায় তদন্তের আবেদন।

মহোদয়,

নিম্নোক্ত কারণে আমরা উক্ত প্রতিবেদনের বিরুদ্ধে না রাজি প্রদান করছি এবং পুনরায় তদন্তের জন্য অনুরোধ করছি:

- ১) জেলা শিক্ষা অফিসারের টেলিফোন নির্দেশে আমরা ইং ২৭/৩/২০২৩ তারিখে তাঁর কার্যালয়ে হাজিরা দিয়েছিলাম কিন্তু সেদিন তিনি অফিসেই ছিলেন না। ফলে কোন গুনানি/তদন্ত কার্যক্রম অনুষ্ঠিত হয়নি।
 - ২) প্রধান শিক্ষক বাবু মৃগাল কান্তি সরকারের বিরুদ্ধে মূল অভিযোগ ছিল তিনি দুইটি মামলার চার্জশীটভুক্ত ও জামিনপ্রাপ্ত আসামি এবং একটি মামলার হাজতবাস করা আসামি। তিনি কোন অবস্থাতেই অফিসিয়াল দায়িত্ব পালন করতে পারেন না। জেলা শিক্ষা অফিসার সাহেব তাঁর তদন্ত রিপোর্টে ইচ্ছাকৃতভাবে এ বিষয় উল্লেখ করেননি।
 - ৩) বিদ্যালয়ের নির্বাচন করার ব্যাপারে কোন আদালত থেকে কখনও নিষেধাজ্ঞা দেওয়া হয়নি বরং সকল আদালত থেকে বলা হয়েছে যে নির্বাচনের উপর কোন বাঁধা নেই। কিন্তু জেলা শিক্ষা অফিসার সাহেব প্রতিবেদনে সেটা উল্লেখ করেননি।
 - ৪) রিপোর্টে তিনি জিপি সাহেবের মতামতকে গুরুত্ব দেখিয়েছেন। প্রকৃতপক্ষে উক্ত জিপি কাজী বাহাউদ্দীন সাহেব বিদ্যালয়ের মামলায় উক্ত পক্ষের উকিল ছিলেন। ফলে, তিনি নিরপেক্ষ মতামত দিতে পারেন না। যখন তিনি উক্ত পক্ষের উকিল ছিলেন না তখন বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশান কমিটির সভায় তিনি (জিপি সাহেব) প্রধান শিক্ষক বাবু মৃগাল কান্তি সরকারকে বরখাস্ত করার পক্ষে মত দিয়েছিলেন।
 - ৫) হাইকোর্ট কখনও প্রধান শিক্ষক বাবু মৃগাল কান্তি সরকারকে স্বপদে যোগদান করানোর জন্য আদেশ দেননি। এবিষয় তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলেছিল (দুদকের দুটি ভূয়া চিঠির মাধ্যমে হাইকোর্ট থেকে সুবিধা গ্রহণ করেছিল)। তদানিন্তন জেলা শিক্ষা অফিসার গুনানি করেছিলেন কিন্তু বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশান কমিটির একতিয়ারভুক্ত থাকায় বিষয়টিতে তিনি কোন পদক্ষেপ গ্রহণ করেননি।
 - ৬) বিদ্যালয়ের প্রায় চল্লিশহাজার টাকা ব্যয় করে বর্তমান এডহক কমিটি তাদের নিজস্ব প্রায় একশত পঞ্চাশ জন লোককে আপ্যায়ন করেছে সে বিষয়ে তদন্ত রিপোর্টে তিনি কোন মন্তব্য করেননি।
 - ৭) বর্তমান এডহক কমিটি গঠনের একমাত্র শর্ত ছিল শুধুমাত্র অসমাপ্ত নির্বাচন সমাপ্ত করা কিন্তু কমিটি সেটা করেনি এবং এ বিষয় রিপোর্টে কোন উল্লেখ নেই।
- সুতারাং জেলা শিক্ষা অফিসার সাহেবের উক্ত তদন্ত প্রতিবেদনটি সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন এবং অসৎ উদ্দেশ্যে প্রণেদিত।

এমতাবস্থায় বিষয়টি পুনরায় তদন্ত করার জন্য আপনাকে বিনীতভাবে অনুরোধ করছি।

বিনীত নিবেদক,

১। মোঃ জাহাঙ্গীর হোসেন
০১৭৭৪৭২৭৪২৫

২। মোঃ ইমরাতুল হক
০১৭২৪০৭৫৪০১

৩। মোঃ জাহাঙ্গীর হোসেন
০১৭২৪৭২৫৭৭২

৪। কবি কবির
০১৭২১১৪৫৪৫

অভিভাবক প্রতিনিধি সদস্য পদপ্রার্থী
রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়,
চাঁচড়া, সদর, যশোর।